সড়ক দুর্ঘটনায় আহত দরিদ্র মিঠুনের চিকিৎসায় এগিয়ে এলেন গাংনী মেয়র

গাংনীতে সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হতদরিদ্র মিঠুন আলীর (৩৫) এর চিকিৎসার জন্য সাহায্যের হাত বাড়িয়ে দিলেন গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী। আহত মিঠুন গাংনী উপজেলার খড়মপুর গ্রামের মৃত্যু মাদার আলীর ছেলে।

গতকাল শনিবার দিবাগত রাত সাড়ে আটটার দিকে গাংনী-কাথুলি সড়কের সাহারবাটি ও ভাটপাড়ার মাঝখানে একটি দ্রুতগতির আলগামনের সাথে মোটরসাইকেলের সংঘর্ষে মিঠুন আলীর ডান পায়ের মালা খুলে পড়ে যায়। পরে তাকে মূমূর্ষ অবস্থায় স্থানীয়রা উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন। সেখানে তার অবস্থা আশংকা জনক হওয়ায় কর্তব্যরত চিকিৎসক তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

মিঠুন আলীর নিজস্ব কোনো লোকজন ও টাকা পয়সা না থাকায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে যেতে পারছিলেন না। এসময় গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী ও তার জামাতা মেহেরপুর জেলা পরিষদের সদস্য মিজানুর রহমান হাসপাতালে যান। সব শুনে আহত মিঠুন আলীর চিকিৎসার সব খরচ বাবদ মেয়র আহম্মেদ আলী ও তার জামাতা মিজানুর রহমান নগদ টাকা প্রদান করেন।

এসময় হাসপাতাল বাজার এলাকার অ্যাম্বুলেন্স তুলে হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করেন। আগামীতে তার সকল ধরনের সহযোগিতা করারও আশ্বাস দেন।